

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

মাঃ লঃ প্রঃ সার্কুলার নং-০৩

তারিখ : ২৬ অগ্রহায়ন, ১৪০৯
১০ ডিসেম্বর, ২০০২

সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়গণ,

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর বিধানসমূহ পরিপালনে অনুসরণীয় নির্দেশাবলী

শিরোনামে উল্লেখিত বিষয়ে অত্র বিভাগের ১৭ জুলাই, ২০০২ তারিখের মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার নং-০২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

উপরোক্ত সার্কুলারের পরিশিষ্ট 'ক' এর ১ (ক) অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে সংশোধন করা হইল :-
১। হিসাবধারী গ্রাহক :

(ক) ব্যক্তিগত হিসাব :

(১) নাম (২) বর্তমান ও স্থায়ী ঠিকানা (৩) জন্ম তারিখ, বয়স (৪) জাতীয়তা (৫) TIN নম্বর (যদি থাকে) (৬) পাসপোর্ট বা নিয়োগকর্তা প্রদত্ত পরিচিতিপত্র অথবা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সন্তুষ্টি সাপেক্ষে তাহাদের নিকট গ্রহণযোগ্য সমাজের গণ্যমান্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত পরিচয়ের প্রত্যয়নপত্র (৭) হিসাবধারীর আলোকচিত্র (আবশ্যিকভাবে গ্রহণীয়)।

গ্রাহকের হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে প্রচলিত পদ্ধতি/নিয়ম অনুসরণ অব্যাহত থাকিবে। উল্লেখ্য, গ্রাহক পরিচিতির যথার্থতা সম্পর্কে দায়-দায়িত্ব ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের উপরই বর্তাইবে।

এই সংশোধনী অবিলম্বে কার্যকর হইবে।

অনুগ্রহপূর্বক ইহার প্রাপ্তি স্বীকার করিবেন।

আপনাদের বিশ্বস্ত

স্বাক্ষরিত/-
(মোঃ হারুনুর রশীদ চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৬৫৯